

## গোল্ডেন ভিসা চালু করেছে ওমান

- A Monitor Desk Report

Date: 26 August, 2025



ঢাকা : জ্বালানি তেলনির্ভর অর্থনীতি থেকে বেরিয়ে আসতে উপসাগরীয় দেশগুলো নানা কৌশল অবলম্বন করছে। সে ধারাবাহিকতায় বিদেশী বিনিয়োগ আকর্ষণ বাড়াতে নতুন গোল্ডেন রেসিডেন্সি প্রোগ্রাম চালু করতে যাচ্ছে ওমান।

৩১ আগস্ট দেশটির বাণিজ্য, শিল্প ও বিনিয়োগ উন্নয়ন মন্ত্রণালয় আনুষ্ঠানিকভাবে ভিসা প্রোগ্রামটির ঘোষণা দেবে। একই সঙ্গে বাণিজ্যিক নিবন্ধনের অনলাইন পরিষেবা ও স্থানীয় কোম্পানিগুলোকে উৎসাহ দিতে নতুন প্রকল্প চালু হবে।

ওমানের গোল্ডেন ভিসা প্রোগ্রামে মূলত দুটি প্রধান শ্রেণী থাকবে। প্রথমটি হলো ১০ বছর মেয়াদের ভিসা, যা নবায়নযোগ্য। এ ভিসার জন্য আবেদন করতে হলে বিনিয়োগকারীকে কমপক্ষে কোম্পানি, সরকারি বন্ড বা ওমানের সম্পত্তি খাতে অন্তত ৫ লাখ ওমানি রিয়াল বা ১৩ লাখ ডলারের বেশি বিনিয়োগ করতে হবে। এছাড়া অন্তত ৫০ জন ওমানি নাগরিকের কর্মসংস্থান হবে এমন কোম্পানি প্রতিষ্ঠাও এ ভিসার আওতাভুক্ত।

অন্যদিকে ৫ বছর মেয়াদের ভিসার ক্ষেত্রে অন্তত ২ লাখ ৫০ হাজার ওমানি রিয়াল বিনিয়োগ করতে হবে। এছাড়া ওমানে অবসর জীবন কাটাতে ইচ্ছুক প্রবাসীদের গোল্ডেন ভিসার জন্য আবেদন করতে হবে। তবে তাদের মাসিক আয় হতে হবে অন্তত ৪ হাজার রিয়াল।

নতুন ভিসা উদ্যোগটি ওমানের অর্থনৈতিক বৈচিত্র্যকরণের একটি লক্ষ্য, যা দেশটির ভিশন ২০৩০-এর অংশ। ২০৩০ সাল নাগাদ জিডিপির ওপর থেকে জ্বালানি তেলনির্ভরতা ১৫ শতাংশ ও ২০৪০ সালের মধ্যে ১৮ শতাংশ কমানোর লক্ষ্য নিয়েছে দেশটি।

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) পূর্বাভাস অনুসারে, চলতি বছর ওমানের অর্থনীতি ২ দশমিক ৪ শতাংশ ও ২০২৬ সালে ৩ দশমিক ৭ শতাংশ হারে সম্প্রসারিত হবে, যা মূলত জ্বালানি তেল-বহির্ভূত খাত যেমন উৎপাদন ও সেবার ওপর নির্ভরশীল হবে।

গোল্ডেন ভিসা প্রোগ্রামটি ওমানকে একটি বৈশ্বিক বিনিয়োগ গন্তব্য হিসেবে প্রতিষ্ঠা করতে সহায়তা করবে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।

উপসাগরীয় অঞ্চলে ওমানই একমাত্র দেশ নয়, যারা এমন কর্মসূচি চালু করছে।

সংযুক্ত আরব আমিরাত (ইউএই) ও বাহরাইনের মতো দেশগুলোয়ও বিনিয়োগকারীদের জন্য একই ধরনের দীর্ঘমেয়াদি রেসিডেন্সি প্রকল্প রয়েছে। যেমন ইউএইর গোল্ডেন ভিসা পেতে হলে অন্তত ২০ লাখ দিরহাম মূল্যের সম্পত্তি কিনতে হয়। অন্যদিকে বাহরাইনে গোল্ডেন ভিসা পেতে একজন আবেদনকারীকে পাঁচ বছর সেখানে বসবাস করতে হয় এবং তার মাসিক আয় থাকতে হয় অন্তত ২ হাজার বাহরাইনি দিনার।

**-B**